




স্মারক নং- ১২.০১.৮০.৭৬.০৪১.১১.০৬.২২-১৭

তারিখঃ ০৬-০১-২০২২ খ্রি:

বিষয় : কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভায় অংশগ্রহণ প্রসংগে।

উর্পর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি আলোচনা সভা আগামী ১২-০১-২০২২ খ্রি: তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর-এর কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ সাইফুল আলম)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
পীরগাছা, রংপুর

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১. উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর।
২. চেয়ারম্যান, ৭ নং পীরগাছা ইউনিয়ন পরিষদ ও সদস্য, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর।
৩. চেয়ারম্যান, ৪ নং অন্নদানগর ইউনিয়ন পরিষদ ও সদস্য, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর।
৪. চেয়ারম্যান, ৫ নং ছাওলা ইউনিয়ন পরিষদ ও সদস্য, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর।
৫. অফিস কপি।

উপজেলা পরিষদ কার্যালয়
পীরগাছা, রংপুর

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : মো: আরিফুল হক লিটন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান-এর অফিস কক্ষ
তারিখ : ১২-০১-২০২২ খ্রি:
সময় : সকাল ১০.৩০ টা।

পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা-

ক্রমিক নং	নাম ও পদবী	উপাধী	স্বাক্ষর
১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর	সভাপতি	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, ৭ নং পীরগাছা ইউনিয়ন পরিষদ পীরগাছা, রংপুর	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, ৪ নং অন্নদানগর ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর	সদস্য	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, ৫ নং ছাওলা ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর	সদস্য	স্বাক্ষরিত
৫	উপজেলা কৃষি অফিসার, পীরগাছা, রংপুর	সদস্য-সচিব	স্বাক্ষরিত

আলোচ্য সূচিঃ

- উপজেলার সার্বিক কৃষি পরিস্থিতি
- অন্যান্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। সংশ্লিষ্ট সদস্য সচিবগণ শুরুতে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। সভায় কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	উপজেলার সার্বিক কৃষি পরিস্থিতি	উপজেলা কৃষি অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, রোপা আমন ধান রোপন কাজ সমাপ্ত হয়েছে। চলতি রোপা আমন মৌসুমে ১৩০৮০ হেক্টর আবাদি জমির মধ্যে ১২৬০০ হেক্টর আমন ধান কর্তন হয়েছে এবং ৩৮৫৮৬ মেণ্টন ফলন হবে মর্মে আশা করা যাচ্ছে। চলতি রবি মৌসুমে বিভিন্ন শাকসবজি ৯০০ হেক্টর এবং ৪৫ হেক্টর জমিতে পেয়াজ আবাদ সম্পন্ন হয়েছে। রবি মৌসুমে সরিষা, গম, ভুট্টা, চিনাবাদাম, শীতকালীন মুগ ও গ্রীষ্মকালীন মুগ এর ৩৪০০ জন কৃষকেদের প্রনোদনার আওতায় বিনামূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণ করা হচ্ছে। খাদ্য অধিদপ্তরে ১৪৮৩ মেণ্টন ধান ক্রয়ের জন্য ইতিমধ্যে ১০০০০ জন কৃষকের তালিকা প্রেরণ করা হয়েছে। বর্তমানে ইউরিয়া সার ৭৫০ মেণ্টন, টিএসপি ২৯৭ মেণ্টন, এমওপি ২৮৪ মেণ্টন ও ডিএপি ২৭৯ মেণ্টন মজুদ আছে। রবি মৌসুমের জন্য রাসায়নিক সার ও কীটনাশক মজুদ সন্তোষজনক। চলতি মাসে বিভিন্ন কীটনাশকের দোকান পরিদর্শন করে মেয়াদ উত্তীর্ণ কীটনাশক ধংশ করার জন্য জন্ম করা হয়েছে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল ও সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার,

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আরিফুল হক লিটন)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও
সভাপতি
কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি
পীরগাছা, রংপুর

০২/০১/২২

স্মারক নং- ২২-১৭/৪)

তারিখঃ ২০-০১-২০২২ খ্রি:

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর।
- ৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
- ৪। জনাব....., সদস্য, কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি, পীরগাছা, রংপুর।

(মোঃ সাহিফুল আলম)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি

পীরগাছা, রংপুর